দৈনিক সংবাদ

তারিখ 19 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

৪5

ঢাকা বিশ্ববিদ্যালয়

# 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল ঘোষণা

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। বিস্তারিত ফলাফল কলা অনুষদ সংলগ্ন দেয়ালে টানিয়ে দেয়া হয়েছে।

লিখিত পরীক্ষায় ১২,৫১৯ জন পরীক্ষার্থীর মধ্যে ২,৯২৫ জন উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণদের মধ্যে কলা অনুষদের নির্ধারিত প্রায় ১৫০০ আসনের জন্য লিখিত পরীক্ষায় মেধাক্রম অনুযায়ী প্রথম ১৬০০ জনকে সাক্ষাৎকারের জন্য ডাকা হয়েছে।

সাক্ষাৎকারের সময়সূচি : ২৪শে জুন শনিবার : সকালে মেধাক্রম ০১-২৫০ এবং বিকেলে ২৫১-৪৫০, ২৫শে জুন রোববার সকালে ৪৫১-৭০০ এবং বিকেলে ৭০১-৯০০, ২৬শে জুন সোমবার : সকালে ৯০১-১১৫০ এবং বিকেলে ১১৫১-১৩৫০, ২৭শে জুন মঙ্গলবার : বিকেলে ১৩৫১-১৬০০। সকালের পরীক্ষা

ফল : পৃঃ ২ কঃ ৩

## ফল : ঘোষণা

( ১ম পৃষ্ঠার পর )

৯টা এবং বিকেলের পরীক্ষা ৩টা থেকে অনুষ্ঠিত হবে।

সাক্ষাৎকারের সময় ছাত্রছাত্রীদেরকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সঙ্গে আনতে হবে।

উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বিভিন্ন বিভাগে ভর্তির ন্যূনতম যোগ্যতা ভর্তি নির্দেশিকা থেকে জেনে নিতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয় ভর্তি নির্দেশিকা ঠিকমত না পড়ার কারণে এ বছর 'খ' ইউনিটে ভর্তির লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মানবিক বিভাগের ছাত্রছাত্রীরা এবং তাদের অভিভাবকগণ বিভিন্ন বিভাগে ভর্তির যোগ্যতা সম্পর্কে বিভ্রান্তিতে পড়েন। লিখিত পরীক্ষায় মানবিক বিভাগের মেধাক্রমের প্রথম ১০০ জনের মধ্যে মাত্র ৭ জনের ভর্তির ন্যূনতম শর্ত পূরণ হওয়ায় শুধুমাত্র তারাই সাক্ষাৎকার দেয়ার সুযোগ পায়।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র